



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



স্মারক নং: বিমক/বে:বি:/৪৮৪(জেপা)/২০১৬/


তারিখ: ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য পরামর্শমূলক গণ বিজ্ঞপ্তি

বর্তমানে দেশে অনুমোদিত ১০৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। তন্মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতিক্রমে ৯৬টিতে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থী, তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd) দেখে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাস এবং অনুমোদিত প্রোগ্রামে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, কয়েকটি বিশ্ববিদ্যালয় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ ও কমিশনের নিয়ম-নীতি উপেক্ষা করে অননুমোদিত ক্যাম্পাস এবং অননুমোদিত প্রোগ্রাম পরিচালনা করছে। এ সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অননুমোদিত/অবৈধ কর্মকান্ড পরিচালনা করা থেকে বিরত থাকার জন্য কমিশন থেকে ইতোমধ্যে একাধিকবার নিষেধাজ্ঞা দেয়া হয়। এর মধ্যে কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় কমিশনের নিষেধাজ্ঞার উপর মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে তাদের কর্মকান্ড পরিচালনা করছে যা সম্পূর্ণ বেআইনী ও অবৈধ। “ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা” শিরোনামে এবং প্রযোজ্য ক্ষেত্রে তারকা (*) চিহ্নসহ কমিশনের ওয়েবসাইটে (www.ugc.gov.bd) হালনাগাদ তথ্য আপলোড/প্রদর্শন করা হয়েছে। তদুপরি, কেউ কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস এবং অননুমোদিত প্রোগ্রামে ভর্তি হয়ে প্রতারণিত হলে এবং পরবর্তীতে কোনো আইনগত সমস্যা সৃষ্টি হলে কিংবা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষিত অথবা প্রোগ্রাম বাতিল হলে তার দায়-দায়িত্ব গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নেবে না।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, অদ্যাবধি কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা/ক্যাম্পাস/স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার অনুমতি শিক্ষা মন্ত্রণালয় বা কমিশন কর্তৃক দেয়া হয়নি বিধায় এরূপ কোনো উচ্চশিক্ষা প্রতিষ্ঠানেও ভর্তি হয়ে প্রতারণিত না হওয়ার জন্য শিক্ষার্থী/অভিভাবকগণকে সতর্ক করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে


৩০/০৬/২০২০

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।